মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৩/০৩/২০২২ ইং তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০২/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে অত্র পৌরসভার ০৬ টি বস্তিতে বাস্তবায়নাধীন ভৌত অবকাঠামো উন্নয়নের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নে অত্র পৌরসভায় ০৬টি বস্তিতে উন্নয়নের ৩য় ও শেষ পর্যায়ের কাজ চলমান রয়েছে। তিনি এই কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, ৬টি বস্তিতেই বস্তি উন্নয়নের কাজ ১ম ও ২য় কিস্তির কাজ শেষ হয়েছে। ইতি মধ্যে ৬টি বস্তিতে ফুটপাথ, ড্রেন, সোলার ষ্টিট লাইট, গভির নলকূপ নির্মাণ শেষ হয়েছে এবং ৮১ টি পায়খানার স্থাপনার কাজ সম্পন্ন হয়েছে। তিনি বলেন, বর্তমানে আগের ৮১টি পায়খানার রিং/স্লাব বসানো এবং টাইলসের কাজ শুরু হয়েছে। বাকি ৫০টি পায়খানার মালামাল ক্রয় এর কাজ শুরু হয়েছে এবং	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	কাজও শুরু হয়েছে। আশা করা যায় আগামী ২ মাসের মধ্যে সকল কাজ শেষ হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বস্তির কাজের ব্যাপারে তিনি খুবই অসন্তুষ্ট। তিনি খুব দ্রুত এই কাজ শেষ করার জন্য সংশ্লিষ্ঠ সকলের প্রতি আহবান জানান।	
বিবিধ	জনাব মাসুদ শেখ, সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা সভায় বলেন, দরিদ্র ও অসহায় ব্যক্তিদের ন্যায্যমুল্যে মালামাল দেওয়ার জন্য মাননীয় প্রধান মন্ত্রীর অঙ্গীকার তিনি বাস্তবায়ন করেছেন। তিনি এক কোটি পরিবারকে টিসিবির মাধ্যমে পণ্য দিচ্ছেন। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে, প্রকৃত গরিব মানুষেরা এই সহায়তা পাচ্ছেননা। অনেক পরিবারে একাধিক টিসিবির কার্ড পাচ্ছে আবার অনেক পরিবার অনেক ধন্যা ধরেও কার্ড পাচ্ছেনা। এ বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি কামনা করেন। এ ব্যাপারে মেয়র মহোদয় সভায় বলেন, পৌরসভার মাধ্যমে কিছু কার্ড বিতরণ হয়েছে। এর মধ্যে যারা পূর্ব হতে সরকার কর্তৃক নগত টাকা সহায়তা পেয়েছেন তাদের প্রত্যেকেই এই মালামাল পাবেন। এছড়াও যে কার্ড গুলি বিতরণ হয়েছে সেদিকে তিনি তীক্ষ দৃষ্টি রেখেছেন যাতে কোন অনিয়ম না হয়। তবে তিনি আরোও বলেন, পৌরসভা বাদেও কিছু নেতার মাধ্যমে এই কার্ড মেহেরপুর বাসি পেয়েছে। সেখানে একই পরিবার একাধিক কার্ড পেতে পারে।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৩/০৩/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোহাঃ মজিবর রহমান	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	[illegible]	PA (UGIIP3)	
১০			